

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিবার পরিকল্পনা অফিস
গজারিয়া, মুন্সীগঞ্জ।

সেবা প্রদান প্রতিশ্রুতি: (সিটিজেন চার্টার)

ভিশন ও মিশন

রূপকল্প (vision) : অত্র উপজেলা জনসংখ্যার পরিকল্পিত নিয়ন্ত্রণ ও উন্নয়ন ; সুস্থ, সুখী ও উন্নত বাংলাদেশ গড়া।

অভিলক্ষ্য (Mission) : মানসম্পন্ন পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য, প্রজনন স্বাস্থ্য ও কৈশরকালীন সেবা প্রাপ্তি নিশ্চিতকরণ এবং সামাজিক সচেতনতা বৃদ্ধিতে প্রচার কার্যক্রম জোরদারকরণের মাধ্যমে জনসংখ্যাকে পরিকল্পিতভাবে নিয়ন্ত্রণ ও উন্নয়ন করা।

মুন্সীগঞ্জ জেলাধীন গজারিয়া উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের সেবা প্রদান সংক্রান্ত তথ্যাদি :

প্রদত্ত নাগরিক সেবাসমূহ :

(ক) পরিবার পরিকল্পনা সেবা (বিনামূল্যে প্রদত্ত):

পরিবার পরিকল্পনা বিষয়ে পরামর্শ প্রদান।

খাবার বড়ি বিতরণ।

জন্ম নিরোধক ইনজেকটেবলস প্রদান।

আইইউডি/ভ্যাসেকটমি/টিউবেকটমি/ গ্রহীতার প্রাথমিক বাছাইকরণ ও সেবাকেন্দ্রে আনয়ন।

আইইউডি/কপার-টি প্রয়োগ।

স্থায়ীপদ্ধতি যথা-ভ্যাসেকটমি/এনএসভি(পুরুষদের জন্য)।

লাইগেশন /টিউবেকটমি (মহিলাদের জন্য)।

পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণ/ব্যবহারজনিত পার্শ্বপ্রতিক্রিয়া ও জটিলতায় প্রয়োজনীয় সেবা প্রদান।

(খ) পরিবার পরিকল্পনা সেবা (সরকারি নির্ধারিত মূল্য প্রদান স্বাপেক্ষে) :

কনডম ১ (এক) ডজন ১.২০/- (এক টাকা বিশ পয়সা)

ইমারজেন্সি কন্ট্রাসেপটিভ পিল বিতরণ।

(গ) পরিবার পরিকল্পনা কার্যক্রমে সরকার গ্রহীতাদের নিম্নলিখিত ভাবে আর্থিক সুবিধা দিয়ে থাকেঃ

পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণ পরবর্তী পার্শ্বপ্রতিক্রিয়া/জটিলতা চিকিৎসা ব্যবস্থাপনা সংক্রান্ত যাবতীয় ব্যয় (প্রয়োজন অনুসারে)।

পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণ পরবর্তী পার্শ্বপ্রতিক্রিয়া/জটিলতার কারণে মৃত ও মৃতব্যক্তির দাফন

/কাফন /সংকার বাবদ আইনগত উত্তরাধিকারীকে ১০,০০০/- এককালীন তাৎক্ষণিক ভাবে পরিশোধ যোগ্য।

(ঘ) মা ও শিশু স্বাস্থ্যসেবা (বিনা মূল্যে প্রদত্ত) :

গর্ভবর্তী সেবা।

ঝুঁকিপূর্ণ গর্ভবর্তী মা সনাক্ত করণ ও যথাযথ সেবাকেন্দ্রে প্রেরণ।

জরুরী প্রসতি সেবা।

গর্ভোত্তর সেবা।

অনাকাঙ্ক্ষিত গর্ভধারণের ক্ষেত্রে এমআর (MR) সেবা বিনামূল্যে।

নবজাতকের সেবা।

০-৫ বৎসরের কমবয়সী শিশুদের সেবা।

প্রজনন তন্ত্রের/যৌনবাহিত রোগের সেবা।

ইপিআই (EPI) সেবা।

ভিটামিন 'এ' ক্যাপসুল বিতরণ।

(ঙ) অন্যান্য সেবা (বিনামূল্যে প্রদত্ত) :

সাধারণ রোগীর সেবা।

বয়ঃসন্ধিকালীন সেবা (কৈশোর প্রজনন স্বাস্থ্য সেবা)।

পরিবার কল্যাণ সহকারী কর্তৃক জন্মনিবন্ধন কাযক্রমে সহায়তা প্রদান।

স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ক শিক্ষামূলক সেবা।

2 জন সিএসবি (CSB) এ কর্তৃক বাড়ীতে স্বাভাবিক প্রসব করানো।

উপজেলার 8টি ইউনিয়নে 35 জন কর্মীর মধ্যে বর্তমানে কর্মরত 12 জন পরিবার কল্যাণ সহকারী বাড়ী বাড়ী পরিদর্শনের মাধ্যমে জনগণের দোড়গোড়ায় গিয়ে সেবা প্রদান করছেন। উপজেলার ০৮টি ইউনিয়নে প্রতিমাসে মোট 40টি স্যাটেলাইট ক্লিনিক সংগঠনের মাধ্যমে তৃনমূলের জনগনকে মা ও শিশু স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা প্রদানের কর্মসূচী চলমান রয়েছে।

অত্র উপজেলার সেবাকেন্দ্রসমূহ হলো :

১। বালুয়াকান্দি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র।

২। টেংগারচর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র।

৩। বাউশিয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র।

৪। গুয়াগাছিয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র।

৫। গজারিয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র।

৬। ইমামপুর (রসুলপুর) উপ-স্বাস্থ্য কেন্দ্র।

৭। হোসেন্দী ইউনিয়ন পরিবার পরিকল্পনা ক্লিনিক।

৮। উপজেলা সদর ক্লিনিক(স্বাস্থ্য কমপ্লেক্স)।

সপ্তাহে 6দিন উপরোক্ত কেন্দ্রসমূহের মাধ্যমে মা ,শিশু ও পরিবার পরিকল্পনা সেবাদান কর্মসূচি চলমান রয়েছে।

দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহীতাকে সরকারি ভাবে নিম্নে বর্ণিত অ্যাথিক সুবিধাদি দেওয়া হয়ঃ

সুবিধার খাত

আইইউডি/ কপারটি গ্রহীতার যাতায়ত বাবদ

১৭৩/- টাকা

৩বার আইইউডি ফলোআপ সেবা প্রদানের জন্য যাতায়ত ভাতা

92×৩= ২76/-টাকা

ইমপ্ল্যান্ট গ্রহীতার যাতায়ত বাবদ

১৭৩/-টাকা

৩বার ইমপ্ল্যান্ট ফলোআপ সেবা প্রদানের জন্য যাতায়ত ভাতা

৮১×৩=২৪৩/-টাকা

স্থায়ীপদ্ধতি (পুরুষ) গ্রহীতার

- মজুরী ক্ষতিপূরণ ভাতা

- খাদ্য ভাতা

- যাতায়ত ভাতা

২৩০০/-টাকা

স্থায়ীপদ্ধতি (মহিলা) গ্রহীতার

- মজুরী ক্ষতিপূরণ ভাতা

- খাদ্য ভাতা

- যাতায়ত ভাতা

২৩০০/-টাকা

সেবাগ্রহনকারী নিকট প্রত্যাশা :

স্বয়ং সম্পূর্ণ আবেদন জমা প্রদান।

যথাযথ প্রক্রিয়ায় প্রয়োজনীয় ফিস পরিশোধ করা।

প্রযোজ্য ক্ষেত্রে মোবাইল ম্যাসেজ/ই-মেইলের নির্দেশনা অনুসরণ করা।

সাক্ষাতের জন্য নির্ধারিত তারিখের নির্ধারিত সময়ে উপস্থিত থাকা।

অনাবশ্যক ফোন বা তদ্বির না করা।

অভ্যন্তরীণ সেবা :

- অর্জিত ছুটি, বহি: বাংলাদেশ ছুটি, মাতৃত্বকালীন ছুটি, অবসরোত্তর ছুটি, ছুটি নগদায়ন ইত্যাদি মঞ্জুরের আবেদনপত্র উর্ধ্বতন কর্তৃপক্ষের বরাবর অগ্রায়ন।
- চাকুরি স্থায়ীকরণ, উচ্চতর গ্রেড প্রদান, পেনশন, জিপিএফ এ জমাকৃত অর্থ চূড়ান্ত উত্তোলন, ইত্যাদির আবেদনপত্র উর্ধ্বতন কর্তৃপক্ষের বরাবর অগ্রায়ন।
- নৈমিত্তিক ছুটি মঞ্জুর করা।

প্রাতিষ্ঠানিক সেবা :

উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট থেকে সময়মত জন্মনিয়ন্ত্রন ও ঔষধ সামগ্রী সংগ্রহ।
মাঠ পর্যায়ে কর্মীদের মধ্যে নিয়মিত চাহিদা অনুযায়ী পরিবার পরিকল্পনা সামগ্রী ইস্যুকরণ।
অডিট আপত্তির ব্রডসিট জবাব যথাসময়ে যথানিয়মে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ।
পরিবার পরিকল্পনা সেবা প্রদানকারী এনজিও সমূহের আধিভুক্তিরকণের আবেদনপত্র অগ্রায়ন।
এছাড়াও উর্ধ্বতন দপ্তর কর্তৃক চাহিত তথ্যাদি যথাসময়ে সংশিষ্ট দপ্তরে প্রেরন করা।